

# দৈনিক ইত্তেফাক

প্রতিটিতা তাজা খবর হোসেন মালিক মিয়া

## শতভাগ সফলতা অর্জনকারী শহীদ স্মৃতি বিদ্যাপীঠ

 ০৮ মে, ২০১৮ ইং ০০:০০ মিঃ

কেন্দুয়া (নেত্রকোণা) সংবাদদাতা

২০১৮ সালের এসএসসি পরীক্ষার ফলাফলে জেলায় কেন্দুয়া উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ১১২ জন শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে এবং শতভাগ সফলতা অর্জন করেছে মাত্র একটি বিদ্যালয়। শতভাগ সফলতা অর্জনকারী শিক্ষা প্রতিষ্ঠানটি হল নন্দিত কথাসাহিত্যিক প্রয়াত হমায়ুন আহমেদ তার নিজ গ্রাম কেন্দুয়া উপজেলার কুতুবপুর গ্রামে প্রতিষ্ঠিত শহীদ স্মৃতি বিদ্যাপীঠ।

এ বিদ্যাপীঠের ৬৫ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়ে সবাই উত্তীর্ণ হয়েছে এবং জিপিএ-৫ পেয়েছে ৯ জন। জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলোর মধ্যে শীর্ষে রয়েছে কেন্দুয়া জয়হরি স্প্রাই সরকারি উচ্চ বিদ্যালয়। এ প্রতিষ্ঠানের ৪৭ জন শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে। দ্বিতীয় স্থানে রয়েছে সাবেরকন্নেছা বালিকা উচ্চ বিদ্যালয়। এ বিদ্যালয়ের ১৭ জন শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে। এছাড়া উপজেলার আঙ্গজিয়া জেএনসি শিক্ষা প্রতিষ্ঠানের সাতজন, সান্দিকোণা উচ্চ বিদ্যালয়ের ছয়জন, রামপুর আনোয়ারা উচ্চ বিদ্যালয়ের চারজন, জনতা উচ্চ বিদ্যালয়ের চারজন, রামনগর উচ্চ বিদ্যালয়ের তিনজন, গড়া দিমুঝী উচ্চ বিদ্যালয়ের তিনজন, রওশন ইজদানী একাডেমির দুজন, গড়াড়োবা আন্দুল হামিদ উচ্চ বিদ্যালয়ের দুজন, গগড়া উচ্চ বিদ্যালয়ের একজন, সাজিউড়া উচ্চ বিদ্যালয়ের একজন, মজলিশপুর উচ্চ বিদ্যালয়ের একজন, নওপাড়া উচ্চ বিদ্যালয়ের একজন, মিতালী উচ্চ বিদ্যালয়ের একজন, মেখেরহাটি এন কে উচ্চ বিদ্যালয়ের একজন, রঘুনাথপুর বালিকা উচ্চ বিদ্যালয়ের একজন ও গোপালপুর উচ্চ বিদ্যালয়ের একজন শিক্ষার্থী জিপিএ-৫ অর্জন করেছে।

তাৰপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রন্থ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ত্ব সংরক্ষিত